রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ২২, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**মূল্য সংযোজন কর**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ই মাঘ ১৪০৩ বাং/২০শে জানুয়ারী ১৯৯৭ ইং

**এস, আর, ও, নং ২৮-আইন/৯৭/১৪৪-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ কোস্টগার্ডের সমুদ্রগামী জাহাজে প্রেষণে কর্মরত বাংলাদেশ নৌ-বাহিনীর কর্মকর্তা ও নাবিকদের ভোগের নিমিত্তে Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ বর্ণিত শিরনামা সংখ্যা (Heading No.) ২৪·০২ এবং উহার বিপরীতে উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ২৪০২·২০·০০ এর আওতাধীন তামাকের তৈরী সিগারেটকে উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

**শর্তাবলীঃ**

(ক) করমুক্ত সিগারেট গ্রহণকল্পে কোস্টগার্ডের সংশ্লিষ্ট জাহাজের অধিনায়ক বা কোস্টগার্ডের সদর দপ্তরের উপযুক্ত কর্তৃপক্ষ সিগারেটের ব্রান্ড এবং পরিমাণ উল্লেখপূর্বক এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন যে, উক্ত সিগারেট তাঁহার অধীনস্থ সমুদ্রগামী জাহাজে প্রেষণে কর্মরত বাংলাদেশ নৌ-বাহিনীর কর্মকর্তা ও নাবিকদের ব্যক্তিগত ভোগের (ধূমপানের) জন্য বিতরণ করা হইবে;



মূল্যঃ টাকা ১·০০

(খ) উক্ত প্রত্যয়নপত্রের একটি অনুলিপি সরবরাহকারীর কার্যালয় যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার এখতিয়ারসম্পন্ন শুল্ক, আবগারী ও ভ্যাট, সার্কেল কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে;

(গ) সরবরাহতব্য উক্ত সিগারেট বাংলাদেশে উৎপাদিত হইতে হইবে এবং করযোগ্য কোন প্রতিষ্ঠান হইতে উহার সরবরাহ গ্রহণ করিতে হইবে;

(ঘ) প্রতিদিন প্রতিজন কর্মকর্তা বা নাবিকদের অনুকূলে বিশ শলাকার অধিক সিগারেট বিতরণ করা যাইবে না;

(ঙ) সরবরাহকারী সিগারেটের প্রতিটি শলাকা, প্যাকেট ও পার্শেলের গায়ে "Duty Free for Coastguard Ships" শব্দগুলি স্পষ্ট অক্ষরে মুদ্রণ করিবেন;

(চ) সরবরাহকারী প্রতিমাসে সরবরাহকৃত সিগারেটের ব্রান্ডভিত্তিক পরিমাণ, উহার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের পরিমাণ সম্বলিত একটি বিবরণী উক্ত মাসের পরবর্তী মাসের দশ তারিখের মধ্যে উপরোক্ত সার্কেল কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন এবং সার্কেল কর্মকর্তা একই মাসের পনের তারিখের মধ্যে উহার একটি অনুলিপি বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাইফুল ইসলাম খান
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।